গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা
৯১, মতিঝিল, বা/এ, ঢাকা।
www.moind.gov.bd

শিল্প মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নৈতিকতা কমিটির (মে ২০২১ মাসের) সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব জাকিয়া সুলতানা
সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ : ২৫/০৫/২০২১
সময় : বেলা ১২.০০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। গত ২২/০৪/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপনার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে সভার কার্যপত্র ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়।

২. সভায় উপস্থাপিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি ও কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | সভায় অবহিত করা হয় যে, ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করার জন্য কার্যক্রম অব্যাহত আছে এবং এ সংক্রান্ত ৩য় ত্রৈমাসিকে শতভাগ অর্জিত হয়েছে এবং অগ্রগতির প্রতিবেদন ১২-৪-২১ তারিখের মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | শিল্প মন্ত্রণালয় কর্তৃক ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয়। |
| ২. | সভায় অবহিত করা হয় যে, দাপ্তরিক কার্যক্রমে নিয়মিত ই-নথি/ই-মেইল ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে মন্ত্রণালয়ের ক্ষেত্রে অনুবিভাগ প্রধানগণ এবং দপ্তর/সংস্থার ক্ষেত্রে দপ্তর/সংস্থা প্রধানগণ জোর মনিটরিং করবেন এ বিষয়টি শিল্প মন্ত্রণালয়ের সকল | এ বিষয়টি শিল্প মন্ত্রণালয়ের সকল অতিরিক্ত সচিব ও আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণকে অবহিত করতে হবে। ই-ফাইলে বাস্তবায়ন অগ্রগতি ৯০%উন্নীত করতে হবে । এ | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থা |

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | অতিরিক্ত সচিব ও আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণকে অবহিত করা হয়েছে।বিগত ত্রৈমাসিকে ই-ফাইলে বাস্তবায়ন অগ্রগতি ৭০% ছিল। | বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | প্রধান (সকল) |
| ৩. | সভাকে অবহিত করা হয় যে, এ পর্যন্ত ১২ টি দপ্তর/সংস্থায় সর্বমোট ৮০০ জন প্রশিক্ষণার্থীকে আইএপি প্রণয়ন বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। প্রশিক্ষণলব্ধ জ্ঞান আইএপি প্রণয়ন ও বাস্তবায়নে ব্যবহার হচ্ছে। | প্রশিক্ষণলব্ধ জ্ঞান আইএপি প্রণয়ন ও বাস্তবায়নে ব্যবহার করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল) |
| ৪. | সভাকে অবহিত করা হয় যে, শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে মূল্যায়ন ছক প্রণয়ন করে সকল কর্মকর্তার নিকট প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে সকল কর্মকর্তা/ কর্মচারীদের নিকট হতে মূল্যায়নপূর্বক মূল্যায়ন ছক পাওয়া গিয়েছে এবং টেবুলেশনের কাজ চলছে। | শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত যথাসময়ে সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয় |
| ৫. | (ক) সভায় অবহিত করা হয় যে, এ বিষয়টি শিল্প মন্ত্রণালয়ের সকল অতিরিক্ত সচিব ও আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণকে অবহিত করা হয়েছে। প্রতিমাসে অনুবিভাগ সভায় ও দপ্তর/সংস্থায় মাসিক সভায় ব্যক্তিকেন্দ্রিক কর্মপরিকল্পনার (IAP) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হচ্ছে। | ক. প্রতিমাসে অনুবিভাগ সভায় ও দপ্তর/সংস্থায় মাসিক সভায় ব্যক্তিকেন্দ্রিক কর্মপরিকল্পনার (IAP) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল) |
| | (খ) সভায় অবহিত করা হয় যে, আগামী জুন/২১ মাসে ৩য় সপ্তাহে স্ব মূল্যায়িত আইএপি জমা সংক্রান্ত সভার আয়োজন করা হবে। প্রয়োজনের ভিত্তিতে (Need based) সমস্যা সনাক্ত করে আইএপি প্রণয়ন বাস্তবায়নকারীকে পুরস্কার প্রদানের বিষয়টি সভায় আলোচনা করা হয়। | খ. আগামী জুন/২১ মাসে ৩য় সপ্তাহে স্ব মূল্যায়িত আইএপি জমা সংক্রান্ত সভার আয়োজন করতে হবে। প্রয়োজনের ভিত্তিতে (Need based) সমস্যা সনাক্ত করে কার্যক্রম নির্বাচন করে আইএপি প্রণয়ন করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল) |

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৬. | সভায় অবহিত করা হয় যে, ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা খসড়া প্রণয়নপূর্বক এপিএএমএস সফটওয়ারে দাখিল ও হার্ডকপি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের আগামী ফিডব্যাক সভার নির্দেশনা অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহল করা হবে। | ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপসচিব<br>(এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা) |

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১০.০৬.২০২১
জাকিয়া সুলতানা
সচিব
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
শিল্প মন্ত্রণালয়